

শিক্ষামন্ত্রীর সাংবাদিক সম্মেলন শিক্ষার মান বাড়াতে শিক্ষক নিয়োগ কমিশন ও নিয়মিত তদারকির ব্যবস্থা হচ্ছে

নিজস্ব বার্তা পরিবেশক : শিক্ষার মান বাড়াতে ও নকল প্রতিরোধে সরকার শিক্ষক নিয়োগ কমিশন, শিক্ষকের সুসংহত প্রশিক্ষণ এবং শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে নিয়মিত তদারকির ব্যবস্থা নিতে যাচ্ছে।

বৃহস্পতিবার এক সাংবাদ সম্মেলনে শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক এ কথা বলেন। পাঠদান পদ্ধতি এমন হতে হবে যেন শিক্ষার্থীকে সম্পূর্ণ ও যোগ্য মানুষ হিসেবে গড়ে তোলে। সাংবাদ সম্মেলনে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন শিক্ষাপ্রতিমন্ত্রী এহসানুল হক মিলন, শিক্ষাসচিব সহিদুল আলম ও ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যক্ষ জুনায়েদ।

শিক্ষামন্ত্রী বলেন, ক্রাস রুমে যদি শিক্ষা দেয়া না যায় তাহলে পরীক্ষায় নকল হয়। আমরা নকল ঠেকাতে সর্বাঙ্গিক চেষ্টা করছি, ভবিষ্যতে আরো সুষ্ঠু পদক্ষেপ নেব। চলতি এসএসসি পরীক্ষার বিভিন্ন

প্রশ্নপত্রে ভুলের বিষয়টি সম্পর্কে মন্ত্রী বলেন, প্রশ্নে ভুলের কারণে যেন কোন পরীক্ষার্থী ক্ষতিগ্রস্ত না হয় সে বিষয়টি দেখা হবে। ভবিষ্যতে প্রশ্নপত্র ছাপার ব্যাপারে আরো সতর্কতা অবলম্বন করা হবে বলে তিনি প্রতিশ্রুতি দেন। নকল প্রতিরোধে বিভিন্ন জায়গায় যে শিক্ষকরা ক্ষতিগ্রস্ত হয়েছেন তাদের ক্ষতিপূরণ দেয়া হবে বলে মন্ত্রী বলেন। প্রতিমন্ত্রী বলেন, ময়মনসিংহে যে শিক্ষকের কান কেটে নিয়েছে তাকে চিকিৎসার জন্য ১০ হাজার টাকা দেয়া হয়েছে। গত বছর কলারোয়ায় যে ৪ জন পরীক্ষার্থী মারা গিয়েছিল তাদের প্রত্যেকের পরিবারকে ৫০ হাজার টাকা দেয়া হয়েছে।

সাংবাদ সম্মেলনে এক পরিসংখ্যানে বলা হয়েছে, এবার যশোর বোর্ডে সবচেয়ে কম পরীক্ষার্থী বহিষ্কার হয়েছে এবং নকলও কম হয়েছে।